দৈনিক সংবাদ

APR 07 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# ঢা. বিতে কোন ক্লাস পরীক্ষা হয়নি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আওয়ামী লীগ আহূত হরতাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে। হরতালের কারণে কোন ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ক্যাম্পাস ছিল প্রায় ছাত্রছাত্রীশূন্য। লাইব্রেরি খোলা থাকলেও ছাত্রছাত্রীর উপস্থিতি ছিল খুবই কম। ছাত্রদল হরতালের প্রতিবাদে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

দুপুর ১২টায় মিছিলটি মধুর ক্যান্টিন থেকে বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণশেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেছে।

ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন হায়দার আলী লেনিন, নূরুল ইসলাম নয়ন, আসাদুর রহমান প্রমুখ।

ছাত্রলীগ ক্যাম্পাসে হরতালের সমর্থনে মিছিল-সমাবেশ করার কথা থাকলেও শেষ পর্যন্ত কর্মসূচি বাতিল করেছে।